Short type Questions - Answers

Moumita Garai

⊛ **শূন্য জনসংখ্যা বৃদ্ধি / স্থির জনসংখ্যা / সুস্থিত জনসংখ্যা** :→ যে অবস্থায় কোনো দেশ, অঞ্চল বা সমাজে দীর্ঘদিন ধরে জন্মহার, মৃত্যুহারের প্রায় সমান থাকে, ফলে জনসংখ্যা বাড়েও না কমেও না, তাকে শূন্য জনসংখ্যা বৃদ্ধি (Zero Population Growth) বলে। জনসংখ্যার এরূপ বৃদ্ধিকে আবার স্থির বা সুস্থিত জনসংখ্যাও বলা যায়। জন্ম নিয়ন্ত্রণ, চিকিৎসায় ও স্বাস্থ্যের উন্নতির ফলে মৃত্যুহার হ্রাসে সাফল্য এই শূন্য জনসংখ্যা বৃদ্ধির কারণ। তবে এই অবস্থা খুবই সাময়িক, কারণ বেশি সময় কোনো দেশ জন্ম ও মৃত্যু এক রাখতে পারে না। জার্মানি, সুইডেন প্রভৃতি দেশ এরূপ জনসংখ্যা বৃদ্ধির উদাহরণ।

⊛ **জনসংখ্যার ঋণাত্মক বৃদ্ধি** :→ মৃত্যুহারের চেয়ে জন্মহার কম হলে জনসংখ্যা না বৃদ্ধি পেয়ে বরং হ্রাস পায়। জনসংখ্যার এরূপ বৃদ্ধিকে ঋণাত্মক বৃদ্ধি বলে। তবে তা ক্ষণস্থায়ী পর্যায়। দীর্ঘকাল ধরে মৃত্যুহারের চেয়ে জন্মহার কম থাকতে পারে না। উদাহরণ – সুইডেন।

⊛ **জনসংখ্যা অভিক্ষেপ (Population Projection)** :→ জন অভিক্ষেপ হল পরিসংখ্যানের সাহায্যে ভবিষ্যৎ জনসংখ্যা সম্পর্কে পূর্বানুমান। বিশ্বের জনসংখ্যা বাড়তে বাড়তে ভবিষ্যতে কোথায় গিয়ে দাঁড়াবে তার পরিমাণের যে পূর্বাভাস দেওয়া হয়, তাকে সাধারণভাবে জনসংখ্যা অভিক্ষেপ বলা হয়। অর্থাৎ ভবিষ্যতের সম্ভাব্য জনসংখ্যা সম্বন্ধে বিশেষজ্ঞদের বিশেষ অভিক্ষেপকেই বোঝানো হয়। এই পূর্বাভাস কিছুটা অনুমানভিত্তিক। সামাজিক ও অর্থনৈতিক অবস্থা বিচার করে তা নির্ণয় করতে হয়।

জনসংখ্যাতত্ত্ববিদদের মতে, পৃথিবীর জনসংখ্যা যে হারে বাড়ছে তাতে আগামী 2025 সালের পৃথিবীর জনসংখ্যা 1000 কোটি অতিক্রম করবে। একে জনসংখ্যার বিস্ফোরণ বললেও অত্যুক্তি হবে না।

⊛ **জন বিস্ফোরণ (Population Explosion)** :→ জনসংখ্যা বৃদ্ধি পরিবেশের ধারণক্ষমতার তুলনায় অনেক বেশি হলে তা নিয়ন্ত্রণের বাইরে চলে যায়। চাপ পড়ে জমি, বাসস্থান, শিক্ষা, জীবিকা তথা সমগ্র অর্থনীতি ও পরিবেশের ওপর। জনসংখ্যার এই বিপুল বৃদ্ধিকে জনবিস্ফোরণ বলে।

⊛ **গোষ্ঠীপুঞ্জ (Cohort)** :- রোমান সৈন্যদলের একটি ইউনিটকে Cohort বলা হত। একই শ্রেণীভুক্ত ব্যক্তিদের দ্বারা একই ধরনের সুসংহত ও শৃঙ্খলাবদ্ধ ক্রিয়াকলাপ সংঘটিত হয় – এটি কোহর্টের ধারণা। কোনো নির্দিষ্ট ঘটনা বা সূচকের ভিত্তিতে চিহ্নিত মানবগোষ্ঠীকে Cohort বলে। যেমন –

একটি অর্থনৈতিক গোষ্ঠীর কার্যক্রম (Economic Cohort), একটি সামাজিক গোষ্ঠীর সুসংহত জীবনধারা (Community Cohort), একটি নির্দিষ্ট বয়: ক্রমের অন্তর্ভুক্ত ব্যক্তিবর্গের বৈশিষ্ট্যের একতা (Age Cohort), নির্দিষ্ট বছরে মাধ্যমিক পরীক্ষায় পাশ করা ছেলেমেয়েদের গোষ্ঠী, 1947 সালে ভারতে জন্মগ্রহণ করা মানুষজনের গোষ্ঠী অথবা যেকোনো অধিবর্ষে 29 Feb জন্মগ্রহণ করা মানুষের সমষ্টি ইত্যাদি। (Birth Cohort).

সাধারণত Cohort বিশ্লেষণের জন্য 5 বা 10 বছরের এক একটি শ্রেণীতে জনসংখ্যাকে বিভক্ত করা হয়। তারপর তাদের বৈশিষ্ট্য (প্রজনন ক্ষমতা, মরণশীলতা ইত্যাদি) আলোচনা করা হয়।

(*) **কাম্য জনসংখ্যা (Optimum Population)** :→ এটি হল সেই পরিমাণ জনসংখ্যা যা কোনো দেশ বা অঞ্চলের কার্যকর জমি বা সম্পদের অনুপাতে গড়ে ওঠে। অন্যভাবে বলা যায়, মানুষ-জমির আদর্শ অনুপাতই কাম্য জনসংখ্যা। এই অবস্থায় দেশের উৎপাদনযোগ্য সমস্ত জমিই সঠিক পদ্ধতিতে নিয়োজিত হয়। খনিজদ্রব্য সম্পদের উত্তোলন লক্ষ্যমাত্রার দিকে এগিয়ে যায়। শিল্পক্ষেত্রে আকাঙ্ক্ষিত উৎপাদন লাভে সক্ষম হয়। জনসাধারণের ভোগসুখের বন্দোবস্ত হয়। বেকারত্ব বা কর্মহীনতার প্রশ্নই থাকে না। জীবনযাত্রার মান আরও উন্নত হয়।

(*) **Baby Boom** :→ একসাথে অনেক শিশুর জন্ম হলে তাকে বেবি বুম বলে। বিভিন্ন কারণে এটি ঘটতে পারে। যেমন- চীনে 2007 সালের আগস্ট মাসটি জ্যোতিষ শাস্ত্রের দিক দিয়ে এত শুভ বিবেচিত হয়েছে যে চীনের ভাবী মা-বাবারা সন্তান জন্মের সম্ভাবনা এগিয়ে নিয়ে গেন। কেউ কেউ চিকিৎসকদের সাহায্য নেওয়ার কথা ভাবেন। এই মাসটিতে যে অধিক সংখ্যক শিশুর জন্ম হয়েছে, তা বেবি বুম। এছাড়াও কোনো কোনো বিশেষ মঙ্গলকর মাস বা দিনে বাচ্চা ~~এই প্র~~ জন্ম দেওয়ার এই প্রবণতা দেখা যায়। দ্বিতীয় বিশ্বযুদ্ধে কয়েক বছর বাইরে থাকার পরে সৈনিকরা দেশে ফিরে এলে একই সময় সংশ্লিষ্ট দেশগুলিতে বহু শিশুর জন্ম হয়, যার হার পূর্ববর্তী বছরগুলির তুলনায় অনেক বেশি।

(*) **Fecundity** :→ এটি সন্তান ধারণ ও জন্মদান ক্ষমতাকে নির্দেশ করে। প্রজননক্ষম নারী সন্তানদের জন্মদান করেন। জীবিত শিশুর জন্মদানে সফলতার হল প্রজনন (Fertility) এবং সন্তান ধারণ ও জন্মদান ক্ষমতা হল ফিকানডিটি। অর্থাৎ, এখানে জীবিত ও মৃত- সকল প্রকার জন্মদানকেই ধরা হয়।

(*) **S-আকৃতির বা Sigmoid Growth Curve** :→ এটি জনসংখ্যার বৃদ্ধি সম্পর্কিত বক্ররেখা। এক্ষেত্রে জনসংখ্যা বৃদ্ধির হার প্রথমে ধীর থেকে হঠাৎ দ্রুত বৃদ্ধি পেয়ে পরে আবার ক্রমশ ধীরে হয়। আকৃতিগত সাদৃশ্যের জন্য এই বক্ররেখাকে S-shaped বা সিগময়েড গ্রোথ কার্ভ বলে।